গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৯১/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ৪ এপ্রিল ২০১৯, ২১ চৈত্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৬৫টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন
রোজায় যেন নিত্যপণ্যের দাম না বাড়ে : ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রী
২। প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় চলচ্চিত্র পরিচালক শ্যাম বেনেগালের সাক্ষাৎ
৩। আজ বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপের ফাইনাল
এ টুর্নামেন্টের মাধ্যমে আগামীর দক্ষ ক্রীড়াবিদ বেরিয়ে আসবে : প্রধানমন্ত্রী
৪ । কৃষিকে বাণিজ্যিক কৃষিতে রূপান্তর করা হবে : কৃষিমন্ত্রী
৫। মঙ্গল শোভাযাত্রায় মুখোশ পরা যাবে না : স্বরাষ্ট্রমন্ত্রী
৬। জাতীয় চলচ্চিত্র দিবস উদ্‌যাপিত
চলচ্চিত্রের স্বর্ণযুগ ফিরিয়ে আনা হবে : তথ্যমন্ত্রী
৭। ভারতের চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগালকে তথ্যমন্ত্রীর অভ্যর্থনা
৮। অবৈধ ভবন নিয়ে ঝুলে থাকা মামলা দ্রুত নিষ্পত্তি হবে : আইনমন্ত্রী
৯। কুইকরেন্টাল বিদ্যুৎকেন্দ্রের কারণে বিদ্যুৎ ক্ষেত্রে ব্যাপক উন্নতি হয়েছে : শেরপুরে এলজিআরডি মন্ত্রী
১০। সরকার পরিবর্তন হলেও সম্পর্ক অটুট থাকবে :
ভারতীয় হাইকমিশনারের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী
১১। রোহিঙ্গা প্রত্যাবাসনে ভূমিকা রাখতে চায় আসিয়ান :
থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী
১২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে : বস্ত্র ও পাটমন্ত্রী
১৩। স্বাস্থ্যসেবা সুলভ করতে মার্কিন সহায়তা চাই : যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী
১৪। শকুনসহ বিলুপ্তপ্রায় সব প্রাণি সংরক্ষণে সরকার সচেষ্ট : পরিবেশমন্ত্রী
১৫। শুধু অভ্যন্তরীণ নয় আন্তর্জাতিকভাবেও নৌপথের বিস্তৃতি বাড়ছে : নৌপ্রতিমন্ত্রী
১৬। একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন আগামী ২৪ এপ্রিল
১৭। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নের নির্দেশ সংসদীয় কমিটির
১৮। এশিয়ায় সবচেয়ে বেশি প্রবৃদ্ধি হবে বাংলাদেশে : এডিবি'র প্রাক্কলন

চলমান পাতা-২

১। **ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৬৫টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন**
**রোজায় যেন নিত্যপণ্যের দাম না বাড়ে : ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আসন্ন রমজানে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর মূল্যবৃদ্ধি না করার জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, সামনে রোজা। এ সময় তেল, ছোলা, চিনি, ডালসহ নিত্যপণ্যের দাম যাতে না বাড়ে। একইসঙ্গে পর্যাপ্ত সরবরাহ যেন থাকে, সে বিষয়টিও আপনাদের দেখতে হবে। গতকাল (৩ এপ্রিল বুধবার) গণভবনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশব্যাপী ১১টি অর্থনৈতিক অঞ্চলের উদ্বোধন এবং ১৩টি অর্থনৈতিক অঞ্চলের ভিত্তিপ্রস্তর স্থাপনসহ ৬৫টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনকালে তিনি এ কথা বলেন। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) আওতাধীন বিভিন্ন অর্থনৈতিক অঞ্চলে ১৬টি শিল্পপ্রতিষ্ঠানের বাণিজ্যিক উৎপাদন, ২০টি নতুন শিল্পপ্রতিষ্ঠানের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং ৫টি চলমান কাজেরও উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অর্থনৈতিক অঞ্চলের জন্য জমি অধিগ্রহণের ক্ষেত্রে ফসলি জমি নষ্ট না করার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, যাদের জমি অধিগ্রহণ করা হয়েছে তাদের ক্ষতিপূরণ সঙ্গে সঙ্গে দিতে হবে। একইসঙ্গে তাদের বিকল্প জায়গার ব্যবস্থাও করতে হবে সংশ্লিষ্টদের। তিনি সব অর্থনৈতিক অঞ্চলে যেন প্রতিবন্ধী ব্যক্তিরা কাজের সুযোগ পায় সেদিকে খেয়াল রাখার অনুরোধ জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

২। **প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় চলচ্চিত্র পরিচালক শ্যাম বেনেগালের সাক্ষাৎ**

প্রখ্যাত ভারতীয় চলচ্চিত্র পরিচালক ও চিত্রনাট্যকার শ্যাম বেনেগাল গতকাল (৩ এপ্রিল বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন। এ সময় প্রধানমন্ত্রী ও শ্যাম বেনেগাল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন কাহিনীনির্ভর চলচ্চিত্র নির্মাণের প্রস্তুতির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৩। **আজ বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপের ফাইনাল**
**এ টুর্নামেন্টের মাধ্যমে আগামীর দক্ষ ক্রীড়াবিদ বেরিয়ে আসবে : প্রধানমন্ত্রী**

প্রাথমিক স্কুলের ছাত্র ও ছাত্রীদের অংশগ্রহণে বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবলের ফাইনাল অনুষ্ঠিত হবে আজ (৪ এপ্রিল বৃহস্পতিবার)। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু গোল্ডকাপের নবম আসরের ফাইনালে মুখোমুখি হবে নীলফামারী সদরের দক্ষিণ কানিয়ালখাতা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সিলেটের জৈন্তাপুরের হরিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। খেলা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রসঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ সংবাদ সংস্থাকে (বাসস) বলেছেন, বর্তমান সরকার দেশের সব ছাত্রছাত্রীর মেধা, শারীরিক ও মানসিক বিকাশের জন্য পড়াশোনার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের প্রতি গুরুত্ব দিচ্ছে। এর ফলে দেশের পাশাপাশি আন্তর্জাতিকক্ষেত্রে আমাদের ছেলেমেয়েরা খেলাধুলায় বিশেষ করে ফুটবলে সাফল্য অর্জন করছে। আমি প্রত্যাশা করি, আজকে যে শিশুরা এ টুর্নামেন্টে অংশ নিচ্ছে তাদের মধ্য থেকেই আগামীর দক্ষ ক্রীড়াবিদ বেরিয়ে আসবে এবং আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে বাংলাদেশের মুখ উজ্জ্বল করবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১০,ক.৭), **সমকাল** (পৃ.১১,ক.৪)।

৪ । **কৃষিকে বাণিজ্যিক কৃষিতে রূপান্তর করা হবে : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, আগামী ৫ বছরে কৃষিকে সত্যিকার অর্থে বাণিজ্যিক কৃষিতে রূপান্তর করা হবে। সেইসঙ্গে আমরা নিরাপদ খাদ্যের নিশ্চয়তাও দিতে পারবো। আগামীতে কৃষির গুরুত্ব আরো বাড়বে। গতকাল (৩ এপ্রির বুধবার) রাজধানীর প্যানপ্যাসিফিক সোনারগাঁও হোটেলে কৃষি তথ্য সার্ভিস আয়োজিত 'কৃষিভিত্তিক মিডিয়া সংলাপ-২০১৯' অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ভর্তুকির বিষয় উল্লেখ করে মন্ত্রী আরো বলেন, সরকার যদি কৃষিতে ভর্তুকি না দিত তাহলে এত পরিমান খাদ্য উৎপাদন কখনও সম্ভব ছিল না। স্বাধীনতার বছরে বাংলাদেশে খাদ্য উৎপাদন ছিল ১০ লাখ টন। সেখানে বর্তমানে দেশে খাদ্য উৎপাদন হচ্ছে ৪ কোটি ১৩ লাখ টন। এবার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল তার চেয়ে ১৩ লাখ টন বেশি খাদ্য এবার উৎপাদন হয়েছে। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

৫।   **মঙ্গল শোভাযাত্রায় মুখোশ পরা যাবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রায় মুখোশ পরা যাবে না। তবে হাতে রাখা যাবে। উন্মুক্ত জায়গায় অনুষ্ঠান করতে অনুমতি নিতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক সব অনুষ্ঠান শেষ করতে হবে সন্ধ্যা ৬টার মধ্যে। সামাজিক যোগাযোগমাধ্যমে বর্ষবরণ নিয়ে অপপ্রচারের বিষয়ে নজর রাখা হবে। গতকাল (৩ এপ্রিল বুধবার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে আইনশৃঙ্খলা সম্পর্কিত সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১)। **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

৬।   **জাতীয় চলচ্চিত্র দিবস উদ্‌যাপিত**

**চলচ্চিত্রের স্বর্ণযুগ ফিরিয়ে আনা হবে : তথ্যমন্ত্রী**

দিনব্যাপী নানা আয়োজনের মধ্য দিয়ে উদ্‌যাপিত হলো জাতীয় চলচ্চিত্র দিবস। 'চলচ্চিত্র বাঁচলে সংস্কৃতি বাঁচবে' প্রতিপাদ্যে বিএফডিসিতে দু'দিনব্যাপী জাতীয় চলচ্চিত্র দিবসের আয়োজন করেছে যৌথভাবে তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশন ও জাতীয় চলচ্চিত্র দিবস উদযাপন কমিটি। গতকাল (৩ এপ্রিল বুধবার) উৎসবের উদ্বোধন করেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ।

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ দেশের চলচ্চিত্রের স্বর্ণযুগ ফিরিয়ে আনতে সম্মিলিত প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানিয়ে বলেছেন, দেশে একটি সুস্থ সংস্কৃতির চর্চার লক্ষ্যে চলচ্চিত্র শিল্পের সোনালি অধ্যায় ফিরিয়ে আনতে আমাদের একসঙ্গে কাজ করতে হবে। গতকাল রাজধানীর বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) এ দু'দিনব্যাপী জাতীয় চলচ্চিত্র দিবসের উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** ( পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

৭।   **ভারতের চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগালকে তথ্যমন্ত্রীর অভ্যর্থনা**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বাংলাদেশ সফররত ভারতের প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগালকে সচিবালয়ে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন। এ সময় শ্যাম বেনেগাল জানান, বঙ্গবন্ধুর ওপর চলচ্চিত্র নির্মাণের মাধ্যমে তিনি চান ইতিহাসের সঠিক প্রতিফলন ঘটাতে। চান বঙ্গবন্ধুর জীবন ও বাঙালি জাতির জন্মকথা তুলে ধরতে। গতকাল (৩ এপ্রিল বুধবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে তথ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন শ্যাম বেনেগাল। বৈঠক শেষে শ্যাম বেনেগালকে শুভেচ্ছা স্মারক হিসেবে তথ্যমন্ত্রী একটি রুপার নৌকা ও পাঞ্জাবি উপহার দেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫) **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

৮।   **অবৈধ ভবন নিয়ে ঝুলে থাকা মামলা দ্রুত নিষ্পত্তি হবে : আইনমন্ত্রী**

রাজধানীর অবৈধ ভবন নিয়ে ঝুলে থাকা মামলাগুলো খুব শীঘ্রই নিষ্পত্তি হবে বলে আশাবাদ জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, মামলার কারণে যেসব ভবন উচ্ছেদ করা যাচ্ছে না, তার সুরাহার জন্য গণপূর্ত মন্ত্রণালয়কে অবশ্যই সহায়তা করা হবে। এছাড়া অবৈধ ভবন মালিকদের করা মামলা দ্রুত নিষ্পত্তিতে সংশ্লিষ্টদের সব ধরনের সহায়তা দেওয়া হবে। আইনমন্ত্রী গতকাল (৩ এপ্রিল বুধবার) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার রিভা গাঙ্গুলী দাসের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

৯।   **কুইকরেন্টাল বিদ্যুৎকেন্দ্রের কারণে বিদ্যুৎ ক্ষেত্রে ব্যাপক উন্নতি হয়েছে : শেরপুরে এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বাংলাদেশে কুইকরেন্টাল বিদ্যুৎকেন্দ্রের কারণে বিদ্যুৎ ক্ষেত্রে ব্যাপক উন্নতি হয়েছে। এজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অনেক সমালোচনা সইতে হয়েছে। তিনি এ ব্যাপারে ডিটারমাইন্ড ছিলেন বলে আজ দেশের মানুষ তার সুফল পাচ্ছে। দেশ এখন বিদ্যুতের আলোয় আলোকিত হয়েছে। গতকাল (৩ এপ্রিল বুধবার) শেরপুর পৌরসভার সার্ধশত বছর উদ্‌যাপন উপলক্ষে এক সুধী সমাবেশে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

১০। **সরকার পরিবর্তন হলেও সম্পর্ক অটুট থাকবে :**
**ভারতীয় হাইকমিশনারের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন বলেছেন, ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক ঐতিহাসিক। সময়ের সঙ্গে সঙ্গে পারস্পরিক বিশ্বাসের ওপর ভর করে এ সম্পর্ক পরিপক্বতা লাভ করেছে। ভারতের আসন্ন নির্বাচনে সরকার পরিবর্তন হলেও দু'দেশের সম্পর্ক অটুট থাকবে। গতকাল (৩ এপ্রিল বুধবার) ভারতের নবনিযুক্ত হাইকমিশনার রিভা গাঙ্গুলী দাস পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। পরে পররাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের সঙ্গে আলাপকালে একথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫), **ফিনানশিয়ালএক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

১১। **রোহিঙ্গা প্রত্যাবাসনে ভূমিকা রাখতে চায় আসিয়ান :**
**থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের পর সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গা প্রত্যাবাসনে নেতৃস্থানীয় ভূমিকা পালন করতে চায় দক্ষিণপূর্ব এশিয়ার দেশগুলোর আঞ্চলিক জোট আসিয়ান। রাখাইনে রোহিঙ্গাদের নিরাপত্তা নিশ্চিতে সহায়তা দিতে চায় এ জোট। গতকাল (৩ মার্চ বুধবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রী ডন প্রামুদিনাইয়ের সঙ্গে বৈঠক করেন পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন। বৈঠক শেষে সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী বলেন, থাইল্যান্ড ও মিয়ানমার উভয়ে আসিয়ানের সদস্য। আসিয়ানের সদস্য হিসেবে রোহিঙ্গাদের ফেরানোর বিষয়ে থাইল্যান্ডের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। আসিয়ান জোট এ বিষয়ে সহায়তা দেবে। রোহিঙ্গাদের নিরাপত্তা নিশ্চিতে সহায়তা দিতে চায় এ জোট। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪)।

১২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে : বস্ত্র ও পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক) বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে একের পর এক উন্নয়নমূলক কার্যক্রমের মধ্য দিয়ে দেশ এগিয়ে যাচ্ছে। ২০৪১ সালের আগেই উন্নতসমৃদ্ধ দেশে পরিণত হবে বাংলাদেশ। গতকাল (৩ এপ্রিল বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার রূপসী এলাকায় সিটি গ্রুপের সিটি অর্থনৈতিক অঞ্চলের ভিত্তিপ্রস্তর স্থাপন উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়ন করছেন। রূপগঞ্জের উন্নয়নে বিশেষ নজর রাখায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে মন্ত্রী বলেন, এসব অর্থনৈতিক অঞ্চলে বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থান হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

১৩। **স্বাস্থ্যসেবা সুলভ করতে মার্কিন সহায়তা চাই : যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী**

দেশের স্বাস্থ্যসেবাকে অধিকতর আধুনিক ও সুলভ করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের সহায়তা বাড়ানোর আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, অসংক্রামক রোগের বিস্তারের কারণে দেশের প্রতিটি বিভাগে একটি করে ক্যান্সার ও কিডনি হাসপাতাল স্থাপনের পাশাপাশি প্রতিটি জেলা সদর ও মেডিকেল কলেজ হাসপাতালে ডায়ালাইসিস ইউনিট নির্মাণের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে। পাশাপাশি হাসপাতাল বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকায়নেও সরকার উদ্যোগ নিতে চায়। এ লক্ষ্যে সহযোগী দেশ ও সংস্থাগুলোর সহযোগিতা প্রয়োজন। গতকাল (৩ মার্চ বুধবার) সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার এর সাথে সৌজন্য সাক্ষাতে স্বাস্থ্যমন্ত্রী একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

১৪। **শকুনসহ বিলুপ্তপ্রায় সব প্রাণিসংরক্ষণে সরকার সচেষ্ট : পরিবেশমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেছেন, বিলুপ্তপ্রায় সব বন্যপ্রাণী সংরক্ষণে বর্তমান সরকার সবসময়ই সচেষ্ট। এ প্রাণিগুলোর মধ্যে শকুন অন্যতম। শকুন সংরক্ষণে সরকার দক্ষিণ এশিয়ার সব দেশের সঙ্গে একযোগে কাজ করছে। গতকাল (৩ এপ্রিল বুধবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে শকুন সংরক্ষণে দক্ষিণ এশীয় আঞ্চলিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৪), **বণিক বার্তা** (পৃ.২,ক.৪) **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

১৫। **শুধু অভ্যন্তরীণ নয় আন্তর্জাতিকভাবেও নৌপথের বিস্তৃতি বাড়ছে : নৌপ্রতিমন্ত্রী**

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন , নৌপরিবহণের ক্ষেত্রে বর্তমান সরকার বিগত ১০ বছরে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। ফলে এ খাতের বিস্তৃতি দিন দিন বাড়ছে। শুধু অভ্যন্তরীণ নয়, আন্তর্জাতিকভাবেও নৌ যোগাযোগ বাড়ছে উল্লেখ করে নৌপরিবহণ প্রতিমন্ত্রী বলেন, গত ২৯ মার্চ ঢাকা-কলকাতা-ঢাকা রুটে ক্রুজ সার্ভিস চালু হয়েছে। তিনি গতকাল (৩ এপ্রিল বুধবার) সদরঘাট লঞ্চ টার্মিনালে সালাম শিপিং লাইন্স লিমিটেডের বিলাসবহুল যাত্রীবাহী জাহাজ 'এম. ভি. মানামী'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১৬।	একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন আগামী ২৪ এপ্রিল**

একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন আগামী ২৪ এপ্রিল বিকেল ৫টায় শুরু হবে। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে এ অধিবেশন আহ্বান করেছেন। গতকাল (৩ এপ্রিল বুধবার) সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সূত্র : **সংবাদ (শেষ** পৃ,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ,ক.৭)।

**১৭।	দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নের নির্দেশ সংসদীয় কমিটির**

দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ সংক্রান্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগসহ সব মন্ত্রণালয় ও বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে একাদশ জাতীয় সংসদের জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল (৩ এপ্রিল বুধবার) সংসদ ভবনে কমিটির প্রথম বৈঠকে এসব সুপারিশ করা হয়। সূত্র : **সংবাদ (শেষ** পৃ,ক.৫) **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫)।

**১৮।	এশিয়ায় সবচেয়ে বেশি প্রবৃদ্ধি হবে বাংলাদেশে : এডিবি'র প্রাক্কলন**

গত অর্থবছরের ধারাবাহিকতায় চলতি অর্থবছরেও এশিয়ার দেশগুলোর মধ্যে সর্বোচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি হবে বাংলাদেশের। এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক নামে গতকাল (৩ এপ্রিল বুধবার) প্রকাশিত এক প্রতিবেদনে এমন পূর্বাভাস দিয়েছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। সংস্থাটির মতে, চলতি অর্থবছরে ৮ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করবে বাংলাদেশ। আগামী অর্থবছরেও প্রবৃদ্ধি ৮ শতাংশ হবে বলে পূর্বাভাস দিয়েছে এডিবি। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮) **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.**	**সংবাদ :** দেশের ৬৮টি কারাগারে প্রায় **১** লাখ বন্দীর বিপরীতে মাত্র **১০** জন চিকিৎসকের সেবা দেওয়ার বিষয় তুলে ধরে কারা হাসপাতালগুলোতে চিকিৎসক সংকট এবং মানসম্মত চিকিৎসক নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিভাগগুলোকে দ্রুত সমন্বিত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**খ.**	**সমকাল, জনকণ্ঠ :** দেশের **১৭৮**টি নদনদীর পানি প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বিআইডব্লিউটিএ ড্রেজিংয়ের জন্য গৃহীত ৫০ হাজার কোটি টাকার মহাপরিকল্পনা বাস্তবায়নে দুর্নীতি-অপচয় না হওয়ার প্রত্যাশা ব্যক্ত।

**গ.**	**জনকণ্ঠ , ফিনানশিয়াল এক্সপ্রেস :** আগামী বাজেট থেকে ভ্যাট আইন বাস্তবায়নের পক্রিয়া শুরু হওয়ার সঙ্গে সঙ্গে জনস্বার্থে তা সঠিক ও যথাযথভাবে কার্যকর হওয়ার প্রত্যাশা।

**ঘ.**	**যুগান্তর :** ১০৭ জন ভুয়া মুক্তিযোদ্ধার সনদ ও সংশ্লিষ্ট গেজেট বাতিলের পাশাপাশি প্রতারকদের শাস্তি দেওয়াসহ সঠিক মুক্তিযোদ্ধা তালিকা তৈরি ও তা কার্যকর করার সুপারিশ।

**ঙ.**	**যায়যায়দিন** : সব বিভাগীয় শহরে অটিজম পরিচর্যা কেন্দ্র করার বিষয়ে প্রধানমন্ত্রীর ঘোষণা যথাযথ বাস্তবায়ন নিশ্চিত হওয়ার প্রত্যাশা।

**চ.**	**বণিক বার্তা :** কক্সবাজারের চার শতাধিক হোটেল ও রিসোর্টে অগ্নিনির্বাপণ ব্যবস্থা না থাকার পরিপ্রেক্ষিতে স্থানীয় প্রশাসনকে এ বিষয়ে আইনগত পদক্ষেপ গ্রহণের আহ্বান।

**ছ.**	**ডেইলি সান** : দেশের অডিও-ভিজ্যুয়াল মিডিয়াকে সুরক্ষার লক্ষ্যে সরকারের গৃহীত পদেক্ষেপকে স্বাগত জানিয়ে তা যথাযথভাবে প্রয়োগের আহ্বান।

**জ.**	**নিউ এজ** : ট্যানারির বিষাক্ত বর্জ্য দিয়ে পোলট্রিখাদ্য তৈরি বন্ধে হাইকোর্টের নির্দেশনা কঠোরভাবে প্রয়োগ করে এসব বিষাক্ত পোলট্রিখাদ্য তৈরি ও বিপণন বন্ধ করার সুপারিশ।

**ঝ.**	**অবজারভার** : আসন্ন রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ গ্রহণের আহ্বান।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের অর্থনৈতিক পরিবতণের ফলে সামাজিক যে পরিবর্তন এসেছে তা আরও কত দ্রুত এগিয়ে নেওয়া যায় সেটাই রাজনৈতিক দলগুলোর মূল চিন্তার বিষয় ও দর্শন হওয়া উচিত ।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'প্রতিবন্ধী শিশুরা এখনও বঞ্চনার শিকার '** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সব খাতের সেবাগুলোর মধ্যে সমন্বয় সাধন করতে হবে, যেন প্রতিবন্ধী শিশু ও কিশোর-কিশোরী এবং তাদের পরিবার যেসব চ্যালেঞ্জের মুখোমুখি হয়, সেগুলোকে পুর্ণমাত্রায় মোকাবিলা করা সম্ভব হয়।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা